বাংলা দ্বিতীয় পত্র

১. ক. বিশুদ্ধ উচ্চারণ প্রয়োজন কেন ? আলোচনা করো ।

খ.বাংলায় ‘’অ’’ ধ্বনি উচ্চারণের যেকোনো ৫টি নিয়ম উদাহরণ সহ লেখ ।

গ. নিচের শব্দগুলোর সঠিক উচ্চারণ লেখ ।

উহ্য , একাডেমি , শ্রম , সভ্য, বিশ্বাস, বিদ্বান, জিহ্বা , ওজস্বী, একতা , আবৃত্তি

২. ক. প্রমিত বাংলা বানানের ৫টি নিয়ম লেখ ?

খ.বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম লেখ ।

গ. নিচের শব্দগুলোকে শুদ্ধ করে লেখ ।

বুৎপত্তি , শ্রদ্ধাঞ্জলী , মনকষ্ট , পাঁচসিকা , বিপদজনক, ভৌগলিক, সমিচিন, মাধুর্যতা, পোষ্টমাস্তার , বাল্মিকি

৩. ক. যোজক কাকে বলে? উদাহরণসহ শ্রেণিবিভাগ আলোচনা করো ।

খ.বিশেষ্যপদ কাকে বলে ? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর ।

গ. যোজক কাকে বলে ? উদাহরণসহ শ্রেণিবিভাগ আলোচনা কর ।

English 1st Paper

7. Informal letter:

a) To brother/friends about the rules of hygiene to remain safe from covid-19

b) To friends how to improve in English.

c) To friends/brother about to give up smoking.

d) To friends/brothers not to spend much time in facebook.

e) To friends about the benefits of newspaper.

f) To reply to parents about for the upcoming H.S.C examination.

g) To younger brother about to make part in games and sports regularly.

h) To friends to visit your country.

বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

১ম অধ্যায়

জ্ঞানমূলকঃ

বিশ্বগ্রাম, ভার্চুয়াল রিয়েলিটি, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, তথ্য, ডেটা বা উপাত্ত, প্রযুক্তি, তথ্য প্রযুক্তি, যোগাযোগ প্রযুক্তি, টেলিকনফারেন্সিং, অফিস অটোমেশন, ফ্রিল্যান্সিং, স্মার্টহোম, রোবটিক্স, ন্যানো প্রযুক্তি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং, বায়োমেট্রিক্স, বায়োইনফরমেটিক্স, সাইবার ক্রাইম, দুরশিক্ষন ।

অনুধাবনমূলকঃ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিশ্বকে হাতের মুঠোয় নিয়ে এসেছে- ব্যাখ্যা কর। আজকাল ঘরে বসে কেনাকাটা অধিকতর সুবিধাজনক- ব্যাখ্যা কর। ই-কমার্স ব্যবসা বাণিজ্যকে সহজ করেছে- ব্যাখ্যা কর। বাস্তবে অবস্থান করেও কল্পনাকে ছুঁয়ে দেখা সম্ভব- ব্যাখ্যা কর। ঘরে বসে ডাক্তারের চিকিৎসা গ্রহণ করা যায়- ব্যাখ্যা কর। বিশবগ্রাম হচ্ছে ইন্টারনেট ব্যবস্থা- বুঝিয়ে লেখ। হ্যাকিং নৈতিকতা বিরোধী কর্মকাণ্ড- ব্যাখ্যা কর। উন্নত জাতের বীজ তৈরিতে ব্যবহৃত প্রযুক্তিটি ব্যাখ্যা কর। আচরণের মাধ্যমে ব্যক্তি শনাক্তকরণের পদ্ধতি ব্যাখ্যা কর। কৃত্রিম বুদ্ধিমত্তা এক ধরনের এক্সপার্ট সিস্টেম- বুঝিয়ে লেখ। বায়োইনফরমেটিক্স এ ব্যবহৃত ডেটা ব্যাখ্যা কর। শীতলীকরণ প্রক্রিয়ায় চিকিৎসা দেয়া সম্ভব- ব্যাখ্যা কর। কোন প্রকার ঝুঁকি ছাড়াই সামরিক প্রশিক্ষণে ব্যবহৃত প্রযুক্তিটি ব্যাখ্যা কর।

সৃজনশীলঃ

(১) মিঃ “X” তার বাবার ল্যাবরেটরিতে প্রবেশের সময় একটি বিশেষ সেন্সরের দিকে তাকানোর ফলে দরজা খুলে গেল। ভেতরে প্রবেশ করে দেখলো প্রথম কক্ষে জৈবতথ্যকে সাজিয়ে গুছিয়ে ইনফরমেশন সিস্টেম তৈরি সংক্রান্ত গবেষণা এবং দ্বিতীয় কক্ষে রিকম্বিনেন্ট ডিএনএ তৈরি সংক্রান্ত গবেষণা করা হয়।

(গ) ল্যাবরেটরির দরজায় ব্যবহৃত প্রযুক্তিটি বর্ণনা কর।

(ঘ)ল্যাবরেটরিতে যে প্রযুক্তি নিয়ে গবেষণা হয় তাদের তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ কর।

(২) আইসিটি নির্ভর জ্ঞান ও প্রযুক্তি মানুষকে নানা বিষয়ে সমৃদ্ধির পথে এগিয়ে নিচ্ছে। হাসান আইসিটি বিষয়ে পড়াশুনা করে জানতে পারল কোনো প্রকার অস্ত্রপচার ছাড়া এক শল্য চিকিৎসা পদ্ধতি। পরবর্তীতে হাসান আইসিটি নির্ভর জীববৈচিত্র সৃষ্টির প্রযুক্তি বিষয়ে জ্ঞান লাভ করে খুবই আনন্দিত হলো।

(গ) হাসানের চিকিৎসা পদ্ধতি শনাক্ত করে ব্যাখ্যা কর।

(ঘ) উদ্দীপকে যে প্রযুক্তি হাসানের জ্ঞান লাভে আনন্দ দিল সেই প্রযুক্তি কৃষি সম্পদ উন্নয়নে কী ধরনের ভূমিকা রাখে? মতামত দাও।

(৩) সেনাপ্রধান সিদ্ধান্ত নিলেন যে, সৈনিকদের প্রযুক্তি নির্ভর পরিবেশে যুদ্ধের প্রশিক্ষণ দেওয়া হবে, যাতে সৈনিকগণ প্রকৃত যুদ্ধের অভিজ্ঞতা লাভ করে। তিনি খাদ্য সরবরাহ ইউনিটকে যুদ্ধের ময়দানে দীর্ঘদিন সতেজ ও মচমচে থাকে এমন পদ্ধতিতে শুকনো খাবার সরবরাহ করার নির্দেশ দিলেন।

(গ) উদ্দীপকে যুদ্ধের ময়দানে খাবার সরবরাহ করার প্রযুক্তি বর্ণনা কর।

(ঘ) সৈনিকদের প্রশিক্ষণের প্রযুক্তিটি কার্যকর ও যুক্তিযুক্ত কেন? মতামত দাও।

(৪) রাকিব ডঃ এনামুলের একটি অপ্রকাশিত গ্রন্থকে নিজের নামে ছাপিয়ে দিল। অপরদিকে সাকিব লটারি পাবার লোভ দেখিয়ে অন্য এক ব্যক্তির কাছ থেকে তার ব্যাংক ভেরিফিকেশনের তথ্য নিয়ে নিল।

(গ) উদ্দীপকের আলোকে রাকিবের কর্মকাণ্ড ব্যাখ্যা কর।

(ঘ) উদ্দীপকের আলোকে সাকিবের কর্মকাণ্ড ব্যাখ্যা কর।

(৫)সুমি তার স্বামী এবং মেয়েকে নিয়ে সেন্টমার্টিন বেড়াতে গেল। সেখানে যাওয়ার জন্য সে ইন্টারনেটের মাধ্যমে বাস, শিপ এবং হোটেলের বুকিং দেয়। সেখানে এক বিকেলে সুমির স্বামী ঢেউয়ের ধাক্কায় প্রবাল পাথরে পা কেটে ফেললেন। অনেক খুঁজে একজন ডাক্তার পাওয়া গেল, যিনি সুমির স্বামীর পায়ে সেলাই করতে পারলেও এন্টিটিটেনাস ইনজেকশন দিতে পারলেন না। পরদিন দুপুর আড়াইটায় মেইন ল্যান্ডে যাওয়ার শিপ। তাই সুমি গ্রামীনফোনের বিশেষ নাম্বারে ডায়াল করে এ বিষয়ে পরামর্শ গ্রহণ করে।

(গ) সুমি যেভাবে বুকিং দিয়েছিল তা ছিল অধিকতর সুবিধাজনক- যুক্তিসহ তোমার মতামত দাও।

(ঘ) সুমির পরামর্শ গ্রহণের ক্ষেত্রে বিশ্বগ্রাম ধারণা সংশ্লিষ্ট কোন উপাদানটি প্রতিফলিত হয়েছে? বিশ্লেষণ কর।

ইতিহাস ১ম পত্র

অধ্যায়-৩:

জ্ঞানমূলক প্রশ্ন-

১.ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠীত হয় কত সালে?

২.বঙ্গভঙ্গ হয় কত সালে? ৩.কে হান্টার কমিশন গঠন করেন?

৪.স্যার সৈয়দ আহমদ কত সালে নাইট উপাধী লাভ করেন?

৫.মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয় কত সালে?

৬.বঙ্গভঙ্গ রদ হয় কত সালে?

৭.লক্ষ্মৌ চুক্তি স্বাক্ষরিত হয় কত সালে?

৮.খিলাফত আন্দোলনের নেতাদের নাম লেখ?

৯.অসহোযোগ আন্দোলনের নেতা কে ছিলেন?

১০.বেঙ্গল প্যাক্ট কী? কত সালে সম্পাদিত হয়?

১১.বেঙ্গল প্যাক্ট এর প্রধান রুপকার কে?

১২.জিন্নাহর ১৪দফা কত সালে প্রকাশিত হয়?

অধ্যায়-৩:

অনুধাবন মুলক প্রশ্ন

১.বঙ্গভঙ্গ বলতে কী বুঝ?

২.১৯০৬সালে মুসলিম লীগ প্রতিষ্ঠার পটভুমি বর্ণনা কর?

৩.দ্বৈত শাসন কী?

৪.১৯০৬ সালে প্রতিষ্ঠীত মুসলিম লীগের লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা কর?

৫.রাজা রামমোহন রায় কে ছিলেন?

৬.বেঙ্গল প্যাক্ট সম্পর্কে কী জান?

৭.স্যার সৈয়দ আহমদ কে ছিলেন?

৮.আলিগড় আন্দোলন সম্পর্কে কী জান?

৯.খিলাফত আন্দোলনের ২টি প্রধান কারণ লেখ?

১০.খিলাফত আন্দোলন ব্যর্থ হয় কেন?

১১.অসহযোগ আন্দেলন বলতেকী বুঝ?

১২.লাহোর প্রস্তাব কী

অধ্যায়-৩;

নিচের উদ্দীপকটি পড় ও প্রশ্ন গুলোর উওর দাও।

ব্রিটিশ উপনিবেশিক শাসনের গোড়ার দিকে রাজধনী ছিল কলকাতা। এর ফলে শাসন ব্যবস্থা কলকাতা কেন্দ্রিক হওয়ায় ব্যবসা, বানিজ্য, শিক্ষা-দীক্ষা, আইন-আদালত ও অন্যান্য বহু বিষয়ে পুর্ববঙ্গের তুলনায় পশ্চিম বঙ্গের প্রভুত উন্নতি সাধিত হয়।ত্রই অসাম্য দুর করার জন্য লর্ড কার্জন ত্রকটি ব্যবস্থা গ্রহণ করে পুর্ববঙ্গের উন্নয়নের চেষ্টা চালান। কিন্তু কংগ্রেস আন্দোলনে ঝাপিয়ে পড়ার কারনে ত্রই ব্যবস্থা আর কার্যকরী হয়নি। এতে পুর্ববঙ্গের মানুষ আসাহত হয় ও সাম্প্রদায়িক বিদ্বেষের সুত্রপাত হয়- যা পরবতীতে বহু ঘটনার জন্ম দেয়।

ক.ভারতবর্ষে প্রথম ভাইসরয় কে ছিলেন?

খ.বঙ্গভঙ্গ রদ করা হয় কেন?

গ.‘বঙ্গবঙ্গ হলে পূর্ব বাংলার মুসলমান জনগন একে স্বাগত জানায়-উক্তিটি ব্যাখ্যা কর

ঘ.বঙ্গভঙ্গের ফলাফল ছিল সুদুর প্রসারী-উক্তিটি মুল্যায়ন কর?

নিচের উদ্দীপকটি পড় ও নিচের প্রশ্ন গুলোর উওর দাও

দবির সাহেব কুলপুর গ্রামের একজন রাজেনৈতিক নেতা। গ্রাম বাসির দুঃখ লাঘবের আশায় বিভিন্ন দাবি সংবলিত একটি প্রস্থাব জেলা প্রশাসক মহোদয়ের নিকট পেষ করেন। প্রথমে অনীহা প্রকাশ করলেও পরবর্তীতে জেলা প্রশাসাক উক্ত দাবি সাধ্যমত কার্যকর করার চেষ্টা করেন।

ক.লর্ড মাউন্ট ব্যাটেন কে?

খ.লাহোর প্রস্তাবের মূল বক্তব্য কী ছিল?

গ.১৯৪০ সালের লাহোর প্রস্তাবে জিন্নাহর দ্বিজাতি তত্ত্বের প্রতিফলন ঘটে বলে মনে করা হয় কেন?

ঘ.'লহোর প্রস্তাবের মধ্যে স্বাধীন বাংলাদেশের বীজ নিহিত ছিল-উক্তিটি মুল্যায়ন কর?

ক. কে 'লাহোর প্রস্তাব' উত্থাপন করেন?

খ. মুসলিম লীগ গঠনের উদ্দেশ্য ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের ছকের 'ক' চিহ্নিত স্থানে কোন আন্দোলনের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর।

ঘ. "উক্ত আন্দোলন রাজনৈতিকভাবে পুরোপুরি সফল হয়নি"— মতামত দাও।

☆.নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্ন গুলোর উত্তর দাও।

ফাল্গুন মাসের ভোরবেলা পাজামা-পাঞ্জাবি পরে খালি পায়ে বেরিয়ে গেল রাশেদ। সতীর্থদের সাথে এক হয়ে সে ধীরে ধীরে চলছে এক বেদীর দিকে। তাদের হাতে ফুল। মুখে গান— "আমার ভাইয়ের রক্তে রাঙানো"।

ক. কত সালে আওয়ামী মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়?

খ. যুক্তফ্রন্টের ব্যাখ্যা দাও।

গ. উদ্দীপকে বর্ণিত বিষয়বস্তু পাঠ্যবইয়ের যে ঘটনাটিকে ইঙ্গিত করে তার পটভূমি ব্যাখ্যা কর।

ঘ. "বাঙালি জাতীয়তাবাদী চেতনার উন্মেষ ঘটাতে উক্ত ঘটনা ছিল তাৎপর্যপূর্ণ"— বিশ্লেষণ কর।

ইসলামের ইতিহাস ও সংস্কৃতিক ১ম পত্র (সৃজনশীল)

১। তিনদিকে সমুদ্র বেষ্টিত সিঙ্গাপুর দেশটি একটি অনুর্বর অঞ্চল। একসময় শহরের কিছু লোকজন ব্যবসায় বাণিজ্য করলেও গ্রামের লোকদের পশুপালন বা মাছ শিকার ছাড়া অন্য কোনো কাজের উপায় ছিল না। জীবন-জীবিকার জন্য তারা চুরি, ডাকাতি, প্রতারণা ও লুটতরাজ করতে বাধ্য হতো।

(গ) উদ্দীপকে উল্লিখিত সিঙ্গাপুরের সাথে প্রাচীন আরবের ভৌগোলিক অবস্থার সাদৃশ্য ব্যাখ্যা কর।

(ঘ) উদ্দীপকের আলোকে প্রাক-ইসলামি আরবের অধিবাসীদের ওপর ভৌগোলিক অবস্থার প্রভাব মূল্যায়ন কর।

২। সিন্ধু সভ্যতা প্রাচীন সভ্যতাগুলোর অন্যতম। এটি একটি নগরভিত্তিক সভ্যতা। তাদের লিখন পদ্ধতি ছিল চিত্রভিত্তিক। সিন্ধু সভ্যতা নগর সভ্যতা হলেও তারা উন্নত কৃষি ব্যবস্থারও প্রচলন করেছিল। যব, গম, তুলাসহ নানা প্রকার ফসল তারা উৎপন্ন করত। ফরন বৃদ্ধি জন্য জমিতে বাঁধ দিত। বন্যার পানিকে সংরক্ষণ করে কাজে লাগাত। আবার জলসেচের জন্য নালা কেটে পানি এনে ফসলে দিত।

(গ) উদ্দীপকে সিন্ধু সভ্যতার লিখন পদ্ধতির সাথে প্রাচীন কোন সভ্যতার লিখন পদ্ধতির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর।

(ঘ) সিন্ধু সভ্যতার কৃষি ব্যবস্থা মিশরীয় সভ্যতার কৃষি ব্যবস্থারই প্রতিচ্ছবি- উক্তিটি ব্যাখ্যা কর।

৩। ঐতিহাসিক চ.ক. ঐরঃঃর ও ঘরশড়ষংড়হ- এর মতে, আদম (আ.) সৃষ্টি থেকে শুরু করে মুহম্মদ (সা.)-এর নবুওয়াত প্রাপ্তি পর্যন্ত সময়কে আইয়ামে জাহেলিয়া বোঝায়। মূলত খ্রিষ্টীয় সপ্তম শতকে ইসলামের আবির্ভাবের পূর্বে যখন আরব উপদ্বীপে আইন-কানুন, নীতি নৈতিকতা, শিক্ষা-সংস্কৃতি, জ্ঞান-বুদ্ধিমত্তা, মানবতাবোধ, অর্থনৈতিক স্বাধীনতাসহ আর্থসামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় ক্ষেত্রে বিশৃঙ্খলা ও নৈরাজ্য বিরাজ করত সেই সময়কালকে আইয়ামে জাহেলিয়া বলা হয়। এ সময় দক্ষিণ আরব একটি শিক্ষিত ও সংস্কৃতিসম্পন্ন সমাজের প্রতিনিধিত্ব করছিল।

(গ) ইসলাম-পূর্ব যুগে আরবের রাজনৈতিক অবস্থার চিত্র তুলে ধর।

(N) ইসলাম-পূর্ব যুগে আরবের সামাজিক অবস্থার ব্যাখ্যা কর|

অর্থনীতি ১ম পত্র

অধ্যায় -০২ ভোক্তা ও উৎপাদকের আচরণ

০১।

দ্রব্যেরএকক	মোটউপযোগ(TU)টাকা	প্রান্তিকউপযোগ(MU)টাকা
১	১৫	১৫
২	২৫	১০
৩	৩০	৫
৪	৩০	০
৫	২৫	-৫

ক। ঢাল কাকে বলে?

খ। উপকরণ দামের সাথে যোগানের পরিমাণ কীভাবে সম্পর্কিত?

গ। উপরিউক্ত সূচির ভিত্তিতে প্রান্তিক উপযোগ রেখা অঙ্কন কর।

ঘ। উপরিউক্ত মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের মধ্যে কোনো সম্পর্ক আছে কি? সূচির আলোকে ব্যাখ্যা কর।

০২। দেওয়াআছে, X দ্রব্যেওচাহিদাসমীকরণ$Qx=16-2PX$

ক। বাজার ভারসাম্য কী?

খ। জীবনরক্ষাকারী ওষুধ ক্রয়ের ক্ষেত্রে চাহিদা বিধি কেন কার্যকর হবে না?

গ। উদ্দীপক হতে x দ্রব্যে ও চাহিদা সূচি তৈরি কর।

ঘ। উদ্দীপকে যদি x দ্রব্যের প্রাথমিক দাম 4টাকা হতে বৃদ্ধি পেয়ে 6 টাকা হয়, তবে চাহিদার স্থিতিস্থাপকতা নির্ণয় পূর্বক প্রকৃতি সম্পর্কে মন্তব্য কর।

০৩। নিচের বাজার ভারসাম্যের একটি কাল্পনিক তালিকা দেওয়া আছে:

দ্রব্যের দাম	চাহিদারপরিমান(Qd)	যোগানেরপরিমাণ(Qs)
৪	৭	৫
৫	৬	৬
৬	৫	৭
৭	৪	৮
৮	৩	৯

ক। বাজার ভারসাম্য কাকে বলে?

খ। দাম স্থির থেকে আয় বাড়লে চাহিদা রেখার কোন ধরনের পরিবর্তন ঘটবে?

গ। উপরিউক্ত উদ্দীপকে ৪ টাকা দামে এবং ৮ টাকা দামে কোন ধরনের পরিস্থিতির উদ্ভব হবে? ব্যাখ্যা কর।

ঘ। উদ্দীপকে তালিকায় উল্লিখিত দাম সমূহ অপরিবর্তিত অবস্থায় চাহিদার পরিমাণ দ্বিগুণ হলে বাজার ভারসাম্যে কীরূপ পরিবর্তন ঘটবে? ব্যাখ্যা কর।

যুক্তিবিদ্যা প্রথম পত্র

<u>প্রথম অধ্যায়</u>

১। 

ক. শব্দগত অর্থে যুক্তিবিদ্যা কী?
খ. যুক্তিবিদ্যাকে আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলা হয় কেন?
গ. উদ্দীপকের প্রশ্নবোধক (?) চিহ্নে কী হবে? এর স্বরূপ ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকে চারজন যুক্তিবিদের মধ্যে এরিস্টটলের সাথে প্রশ্নবোধক (?) চিহ্নিত বিষয়টির সম্পর্ক গভীর কেন? মূল্যায়ন কর।

<u>তৃতীয় অধ্যায়</u>

১। শারমীন তার বান্ধবী ফাতেমাকে ফোনে জানায়,'যদি গাড়ি চলে তাহলে আমি কলেজে যাব'। ফাতেমা বলল, 'আমি রিক্সা করে অথবা হেঁটে যাব'। ফাতেমা আরো জানায়, 'ক্লাস শেষে আমি এবং তুমি দুজন মিলে মার্কেট যাব।
ক. যুক্তিবিদ্যায় শব্দ কত প্রকার?
খ. শব্দ কখন পদে পরিণত হয়?- ব্যাখ্যা কর।
গ. ফাতেমার শেষ বক্তব্য কোন যুক্তিবাক্যকে নির্দেশ করে?-ব্যাখ্যা কর।
ঘ. শারমীন ও ফাতেমার প্রথম বক্তব্য কি একই ধরনের? বিশ্লেষণ কর।

<u>পঞ্চম অধ্যায়</u>

১। দৃশ্যকল্প-১:
সকল মানুষ হয় মরণশীল।
সাকিব হয় একজন মানুষ।
∴ সাকিব হয় মরণশীল।
দৃশ্যকল্প-২:
রবীন্দ্রনাথ ঠাকুর হয় মরণশীল।
জসীম উদ্দীন হয় মরণশীল।
∴ সকল মানুষ হয় মরণশীল।
ক. অনুমান কাকে বলে?
খ. অবরোহ অনুমান কি যথার্থ অনুমান?
গ. উদ্দীপকের দৃষ্টান্ত-২ এ কোন ধরনের অনুমানের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর।
ঘ. পাঠ্যপুস্তকের আলোকে দৃষ্টান্ত -১ ও ২ এর মধ্যকার পার্থক্য উল্লেখ কর।

বিষয়ঃ পৌরনীতি ও সুশাসন(প্রথম পত্র)

১. জনাব্ এম. ই. চৌধুরী, সুজন (সুশাসনের জন্য নাগরিক) কর্তৃক আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় বলেন," পরিবার,সমাজ ও রাষ্ট্রের নাগরিক হিসাবে আমাদের যেমন অধিকার আছে,তেমনি এগুলোর প্রতি আমাদের কিছু কর্তব্যও আছে। এগুলো সম্পর্কে জানতে একটি নির্দিষ্ট বিষয়ে জ্ঞান থাকা প্রয়োজন, যা সুশাসন প্রতিষ্ঠার জন্য আবশ্যক।"

ক.CIVICS শব্দের বাংলা প্রতিশব্দ কি?

খ.পৌরনীতিকে নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয় কেন?

গ.উদ্দীপকে জনাব এম. ই. চৌধুরী কোন বিষয়ের উল্লেখ করেছেন?ব্যাখ্যা কর।

ঘ. জনাব এম. ই .চৌধুরীর বক্তব্যের শেষ অংশের সাথে তুমি কি একমত? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও?

২।রানুর হলের কয়েকজন সিনিয়র ভাই মহানুভবতার দেয়াল উদ্ভোধন করেছেন।এই দেয়ালে লোকজন অপ্রয়োজনীয় বস্ত্র রেখে যাবেন।পরে তার সিনিয়র ভাইয়েরা এসব বস্ত্র অসহায় গরীব ও দুস্থ মানুষের মাঝে বিতরণ করবেন। ফলে সমাজের কিছু সংখ্যক অসহায়,গরীব ও দুস্থ মানুষ উপকৃত হবে।

ক.সাম্য কী?

খ. আইনের উৎস সমূহ কি কি?

গ.উদ্দীপকে কোন ধরনের মূল্যবোধ প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর।

ঘ.উক্ত মূল্যবোধ সমাজে শান্তি প্রতিষ্ঠায় কীরুপ ভূমিকা পালন করতে পারে?ব্যাখ্যা কর।

৩.রহিমা একটি ইট ভাটায় শ্রমিক হিসাবে কাজ করে। সে প্রতিদিন পুরুষ শ্রমিকের মত কাজ করলেও মজুরি সমান পায় না। এ নিয়ে রহিমা প্রতিবাদ করলে কর্তৃপক্ষ তাকে ছাঁটাই করার হুমকি দেয়। রহিমা অন্য নারী শ্রমিকদের সাথে কথা বলে তাদের সংগঠিত করে। পরে তাদের দাবির মুখে কর্তৃপক্ষ বিষয়টি সমাধান করে।

ক.মূল্যবোধ কী?

খ.নৈতিকতা বলতে কী বোঝায়?

গ.উদ্দীপকে রহিমা কোন ধরনের সাম্য থেকে বঞ্চিত হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ.উদ্দীপকে বর্নিত সাম্য ছাড়া রাজনৈতিক সাম্য মূল্যহীন। আলোচনা কর।